কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# ওভেন সুইং মেশিন অপারেশন

লেভেল- ২

## মডিউল শিরোনামঃ ওভেন কাপড় এবং পোশাক ব্যাখ্যা করুন

## Module: Interpreting Woven Fabrics and Garments

**মডিউল কোড: CBLM-OU-RMGT-WSMO-01-L2-V1**


জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কপিরাইট**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

"ওভেন কাপড় এবং পোশাক ব্যাখ্যা করুন" এই সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত ওভেন সুইং মেশিন অপারেশন লেভেল-২ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে ওভেন সুইং মেশিন অপারেশন লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

ইনস্ট্রাকশনাল এক্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষণার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ওভেন সুইং মেশিন অপারেশন লেভেল-২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

# সক্ষমতা ভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এটি একটি দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ পাঠ্যক্রম (সিকুয়েন্স) যা ওভেন সুইং মেশিন অপারেশন পেশার কাজে কাঙ্ক্ষিত জ্ঞান, দক্ষতাএবংকর্মক্ষেত্রে যথাযথ মনোভাব তৈরীর জন্য প্রণয়ন করা হয়েছে। ওভেন কাপড় এবং পোশাক সম্পর্কে ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতাও আচরণ (কেএসএ) সম্পর্কিত এক্টিভিটি গুলো এই মডিউল-এ অন্তর্ভূক্ত করতে সক্ষম হয়েছে।
এতে ওভেন কাপড় ব্যাখ্যা করতে পারা, ওভেন পোশাক ব্যাখ্যা করতে পারা এবং ওভেন কাপড় হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারার দক্ষতা সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

## সূচিপত্র


**কপিরাইট** ........ i

**সক্ষমতা ভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা** ........ v

**মডিউল কন্টেন্ট** ........ ১

**শিখনফল (Learning Outcome) - ১ :ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে** ........ ২

শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) - ১ :ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ৩

ইনফরমেশন শীট (Information Sheet) - ১: ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ৪

সেলফ চেক শীট (Self Check) - ১: ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ১০

উত্তরশীট (Answer Key) – ১: ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ১১

জব শিট (Job Sheet)-১: ওভেন কাপড় চিহ্নিত করণ ........ ১৩

স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ১: ওভেন কাপড় চিহ্নিত করণ ........ ১৪

**শিখনফল (Learning Outcome) - ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে** ........ ১৫

শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) – ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ১৬

ইনফরমেশন শীট (Information Sheet) - ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ১৭

সেলফ চেক শীট (Self Check) - ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ২৮

উত্তরশীট (Answer Key) – ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে ........ ২৯

জব শিট (Job Sheet) – ২: বিভিন্ন ওভেন পোশাক চিহ্নিত করুন ........ ৩১

স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২ বিভিন্ন ওভেন পোশাক চিহ্নিত করুন ........ ৩৩

**শিখনফল (Learning Outcome) – ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে** ........ ৩৪

শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৩৫

ইনফরমেশন শীট (Information Sheet) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৩৬

সেলফ চেক শীট (Self Check) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৪০

উত্তরশীট (Answer Key) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৪১

এ্যাক্টিভিটি শিট ( Acitivity Sheet) – ৩: ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা ........ ৪৩

স্পেসিফিকেশন শিট (Specification Sheet) – ৩: ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা ........ ৪৬

**দক্ষতা পর্যালোচনা (Review of Competency)** ........ ৪৭

## মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | ওভেন কাপড় এবং পোশাক সম্পর্কে ব্যাখ্যা করুন |
| **ইউ ও সি কোড** | OU-RMGT-WSMO-01-L2-V1 |
| **মডিউল শিরোনাম** | ওভেন কাপড় এবং পোশাক ব্যাখ্যা করা |
| **মডিউলের বর্ণনা** | ওভেন কাপড় এবং পোশাক সম্পর্কে ব্যখ্যা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতাও আচরণ (কেএসএ) সম্পর্কিত এক্টিভিটি গুলো এই মডিউল-এ অন্তর্ভূক্ত করতে সক্ষম হয়েছে।<br>এতে ওভেন কাপড় ব্যাখ্যা করতে পারা, ওভেন পোশাক ব্যাখ্যা করতে পারা এবং ওভেন কাপড় হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারার দক্ষতা সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| **নমিনাল সময়** | ১৫ ঘন্টা |
| **শিখনফল** | মডিউলটির প্র্যাকটিস শেষ করার পর প্রশিক্ষণার্থীরা নিম্নবর্ণিত জবগুলো করতে সমর্থ হবে:<br>১। ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে<br>২। ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে<br>৩। ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে |

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. ওভেন কাপড় চিহ্নিত করা হয়েছে।
২. ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে।
৩. ওভেন কাপড়ের বৈশিষ্ট্য চিহ্নিত করা হয়েছে।
৪. ওভেন পোশাক চিহ্নিত করা হয়েছে।
৫. ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে।
৬. ওভেন কাপড় হ্যান্ডলিং করতে নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয়গুলো ব্যাখ্যা করা হয়েছে।
৭. ওভেন কাপড় সঠিকভাবে হ্যান্ডলিং করা হয়েছে।

## শিখনফল (Learning Outcome) - ১ :ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. ওভেন কাপড় চিহ্নিত করা হয়েছে<br>২. ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে<br>৩. ওভেন কাপড়ের বৈশিষ্ট্য চিহ্নিত করা হয়েছে |
| **শর্ত ও রিসোর্স** | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ড আউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ভিভাইস<br>১০. প্রয়োজনীয় টুলস<br>১১. প্রয়োজনীয় পিপিই |
| **বিষয়বস্তু** | ১. ওভেন কাপড়<br>২. ওভেন কাপড়ের বৈশিষ্ট্য |
| **জব/টাস্ক/ এক্টিভিটি** | ১. ওভেন কাপড় চিহ্নিতকরণ |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ১. লিখিত পরীক্ষা ( Written examination )<br>২. প্রদর্শন ( Demonstration )<br>৩. মৌখিক প্রশ্ন (Interview ) |

## শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) - ১ :ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

| শিখন কার্যক্রমিক<br>(**Learning Activities**) | উপকরণ / বিশেষ নির্দেশনা<br>(**Resources / Special instructions**) |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে উপকরন সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে” বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট-১: ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেলফ চেক শিট-১ এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র-১ এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব / টাস্ক শিট অনুযায়ী জব / টাস্ক সম্পাদন করুন।<br>জব শিট ১: ওভেন কাপড় চিহ্নিত করণ<br>স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ১: ওভেন কাপড় চিহ্নিত করণ |

## ইনফরমেশন শীট (Information Sheet) - ১: ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

**শিক্ষণ উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষণার্থীগণ-


১.১ ওভেন কাপড় চিহ্নিত করতে পারবে

১.২ ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

১.৩ ওভেন কাপড়ের বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবে

### ১.১ ওভেন কাপড়

টানা ও পড়েন সুতোর সমকোণে তাঁত/মেশিনের সাহায্যে বন্ধনীর মাধ্যমে ওভেন ফেব্রিক তৈরি হয়। (সহজ করে, দুই সারি সূতা তাঁত এর সাহায্যে পরস্পর সমকোণ বন্ধনীর মাধ্যমে যে কাপড় বা ফেব্রিক তৈরি করে তাকে, ওভেন ফেব্রিক বলা হয়। যেমন- ডেনিম, পপলিন, গ্যাবাডিন, লিনেন ইত্যাদি।

| | |
|---|---|
|  |  |
| ওভেন কাপড়ের বুনন | ওভেন ফেব্রিক |


**বিভিন্ন ধরনের ওভেন ফেব্রিক চেনার উপায়**

- Denim (ডেনিম)
- Poplin (পপলিন)
- Linen (লিনেন)
- Flannel (ফ্লানেল)
- Cord (কর্ড্)
- Gabardine (গ্যাবাডিন)
- Taffeta (টাফেটা)
- Georget (জর্জেট)
- Crepe (ক্রেপ)

**Denim (ডেনিম)**

ডেনিম এক বিশেষ ধরণের কাপড় যা ১০০% কটন ফাইবার দিয়ে তৈরি করা হয়। তবে অনেক সময় ডেনিম কাপড় তৈরির সময় স্প্যানডেক্স বা পলিস্টার জাতীয় সিনথেটিক ফাইবার মেশানো হয়। ডেনিম কাপড় টুইল উইভ প্রক্রিয়া তৈরি করা হয়। এই কাপড় ফ্রান্সের "De Nimes" শহর থেকে আবির্ভাব হয়েছে বিধায় ডেনিম কাপড় হিসাবে এর নামকরণ হয়।

এই ডেনিম কাপড় খুবই শক্ত প্রকৃতির, টেকসই এবং আরামদায়ক পরিধেয় কাপড় হিসাবে সকলের নিকট পছন্দনীয় হিসাবে পরিচিত লাভ করেছে।



ডেনিম ফেব্রিক

**Poplin (পপলিন)**

যে কাপড়ে মিহি টানা ও মোটা পড়েন সুতা ব্যবহার করা হয় তাকে পপলিন কাপড় বলে।

ইহা প্লেইন বুননকৃত ওভেন কাপড়। যার মধ্যে মিহি টানা সুতা ও মোটা পড়েন সুতা ব্যবহার করা হয়। প্রতি ইঞ্চিতে পড়েন সুতা অপেক্ষা টানা সুতার সংখ্যা দ্বিগুণ বা তার চেয়েও বেশি ব্যবহার করা হয়ে থাকে। পপলিন কাপড় সিল্ক, কটন, কৃত্রিম উলের মিশ্রণ আঁশ দিয়ে তৈরি করা হয়। এছাড়াও কটন পপলিন কাপড় অধিকার সময়ে মার্সেরাইজ করা হয়। মহিলাদের সেলোয়ার-কামিজ, ছেলেদের শার্ট, পায়জামা, মহিলাদের শাড়ি, পাঞ্জাবি, ধুতি ইত্যাদি পোশাক তৈরিতে ব্যবহার করা হয়।




পপলিন কাপড়

**Linen ( লিনেন )**

লিনেন আঁশ প্রাকৃতিক, সেলুলোজিক বাস্ট মাল্টিসেলুলার ফাইবার। কার্পাস তুলো থেকে সুতির সুতার উৎপত্তি কিন্তু লিনেন তিসি থেকে জন্মালেও তার পর নানা পদ্ধতিগত ধাপ পেরিয়েই তৈরি হয় লিনেনের এক একটি সুতা। কিন্তু পার্থক্য হল বুননে। সুতির সুতার মতো লিনেনের বুনন অতটা ঠাসা হয় না বলে কাপড়ের ভিতরে অনেক বেশি বাতাস চলাচল করতে পারে।



লিনেন ফেব্রিক

**Flannel (ফ্লানেল)**

কিছু কিছু ওভেন ডাইং এর ইয়ার্ন ডাইড ফেব্রিক আছে যাকে ব্রাশিং করে ফ্লাপি করা হয়, আর এই ফেব্রিক গুলোকে ফ্লানেল ফেব্রিক বলে।

**ফ্লানেল ফেব্রিকের প্রসেস**

ফেব্রিক - সিনজিং + ডিসাইজিং > ওয়াশিং > স্ট্রেসিং + স্টেনটারিং > ব্রাশিং > স্টেনটারে সফট ফিনিশিং এবং রোলিং > ডেলিভারি।



ফ্লানেল ফেব্রিক

**Cord (কর্ড)**

প্লেইন উইভে হঠাৎ করে তুলনামূলক মোট সুতা ব্যবহার করে টানা ও পড়েন বরাবর এক ধরনের বিশেষ ইফেক্ট ফুটিয়ে তোলা সম্ভব৷ আর এই ইফেক্ট নির্দিষ্ট সুতা পর পর টানা বরাবর অথবা পড়ের বরাবর হতে পারে আবার অনিয়মিত হতে পারে৷

কাপড় তৈরির ক্ষেত্রে ব্যবহৃত ডিজাইনের মধ্যে টানা অথবা পড়েন বারাবর নির্দিষ্ট সুতার চেয়ে মোটা সুতা ব্যবহার করে যে উঁচু নিচু ইফেক্ট ফুটিয়ে তোলা হয় তাই কর্ড।



কর্ড ফেব্রিক

**Gabardine (গ্যাবাডিন)**

গ্যাবার্ডিন হল একটি শক্তভাবে বোনা কাপড় যা বিভিন্ন ধরণের ওয়ার্স্টেড, তুলা এবং সিল্ক ফাইবার নিয়ে গঠিত। গ্যাবার্ডিন ফ্যাব্রিক টুইল বুনন দিয়ে বোনা হয়। সেরা মানের গ্যাবার্ডিন টু-প্লাই ওয়ার্স্টেড সুতা ব্যবহার করে, তবে সিঙ্গেল-ওয়ার্স্টেড সুতা, টু-প্লাই এবং একক পশমী সুতাও ব্যবহার করা হয়। যা স্যুট, ওভারকোট, ট্রাউজার, ইউনিফর্ম, উইন্ডব্রেকার এবং অন্যান্য পোশাক তৈরি করতে ব্যবহৃত হয়।



গ্যাবাডিন ফেব্রিক

**Taffeta (টাফেটা)**

টাফেটা ফ্যাব্রিক হল সিল্কের সুতো দিয়ে তৈরি একটি বিলাসবহুল ফ্যাব্রিক যা বুননের সময় একাধিকবার পেঁচানো হয়। এটি একটি শক্ত, কাঠামোগত ফ্যাব্রিক তৈরি করে যা প্রায়শই বিবাহের পোশাক, সন্ধ্যার গাউন এবং অন্যান্য আনুষ্ঠানিক পোশাকে ব্যবহৃত হয়। তাফেটা (Taffeta ) তৈরি করার জন্য, সুতোটি প্রথমে মেশিনের মাধ্যমে এক দিকে টেনে নেওয়া হয়, তারপরে মেশিনের মাধ্যমে আবার বিপরীত দিকে টানার আগে নিজের চারপাশে কয়েকবার পেঁচানো হয়। এই প্রক্রিয়াটি একটি খুব সূক্ষ্ম ফ্যাব্রিক তৈরি করে যা প্রায়শই চকচকে এবং স্পর্শে মসৃণ হয় ।




টাফেটা ফেব্রিক

**Georget (জর্জেট)**

জর্জেট হল এক ধরণের ক্রেপ ফ্যাব্রিক যা সাধারণত খাঁটি সিল্ক থেকে তৈরি হয় তবে রেয়ন, ভিসকোস এবং পলিয়েস্টারের মতো সিন্থেটিক ফাইবার থেকেও তৈরি করা যেতে পারে। ফরাসী পোষাক প্রস্তুতকারক জর্জেট দে লা প্লান্টে বিংশ শতাব্দীর গোড়ার দিকে সিল্ক কাপড়ের নামকরণ করেছিলেন।



জর্জেট ফেব্রিক

**Crepe (ক্রেপ)**

ক্রেপ উইভ কাপড়ের পৃষ্ঠদেশ যথেষ্ট অমসৃণ হয়ে থাকে। এটি এ কাপড়ের প্রধান বৈশিষ্ট্য। কখনও কখনও পৃষ্ঠদেশ উঁচু-নিচু হয়ে কোঁকড়ানো মনে হয়। কাপড়ের মধ্যে বিভিন্নভাবে এই অবস্থা সৃষ্টি করা যায়। যেমনঃ ক্রেপ ইয়ার্ন বা ক্রেপ উইভ কিংবা বিশেষ ধরনের ফিনিশিং পদ্ধতি যেমন এমবোসিং এর মাধ্যমে ক্রেপ ইয়ার্ন এর বৈশিষ্ট্য হল ঐ সুতাতে খুব বেশি পাক থাকে। কাপড়ের টানা বা পড়েন সুতা হিসেবে এই ক্রেপ ইয়ার্ন ব্যবহার করে সাধারণ উইভ যেমন প্লেইন উইভের মাধ্যমে এই ক্রেপ ফেব্রিক তৈরি করা যায়। কাপড় তৈরি হওয়ার পর এই ক্রেপ ইফেক্ট ফুটে ওঠে। কাপড়কে এমবোসিং করা হয় একটি ধাতব রোলারের সাহায্যে যাতে বিভিন্ন ধরনের নকশা বা দাগকাটা থাকে।



ক্রেপ ফেব্রিক

## ১.২ ওভেন কাপড়ের ব্যাখ্যা

ওভেন দু'টি ব্রড ক্যাটাগরিতে ভাগ করা যায় –

- Basic বা Simple weave
- Compound weave


Basic weave পুনরায় তিন ভাগের ভাগ করা যায়, যেমন-

- Plain weave (প্লেইন ওয়েভ)
- Twill weave (টুইল ওয়েভ)
- Satin weave (স্টেইন ওয়েভ)

**প্লেইন ওয়েভ(Plain weave)**

এই ধরণের ওভেন ফেব্রিক সাধারণ প্রকৃতির এবং একটির পর একটি warp এবং weft ইয়ার্নের পরস্পর সংমিশ্রনে তৈরি হয়। যেকোন ফাইবার থেকে প্রস্তুতকৃত ইয়ার্ন দিয়ে এই প্রকারের ওভেন ফেব্রিক তৈরি করা যায়। বেশীরভাগ ওভেন কাপড় এই প্রক্রিয়ায় তৈরি করা হয়।


Plain weave এর পদ্ধতি 2 ends x 2 picks অনুযায়ি পুনরাবৃত্তি হয়। দুই harness বিশিষ্ট লুম দিয়ে এই কাপড় তৈরি করা যায়।




**টুইল ওয়েভ (Twill weave)**

এই টাইপের কাপড় তির্যক লাইন বরাবর ১৫ থেকে ৭৫ ডিগ্রি কোন অনুযায়ি চলে। কোন কোন টুইল উইভ কাপড়ের পিছনের দিকে তাকালে এই তির্যক রেখা পরিস্কারভাবে দেখা যায়।

Twill weave উপরে এবং নিচে সংখ্যার মাধ্যমে প্রকাশ করা হয়। যেমন ২/১ টুইল উইভ এর অর্থ হল দু'টি উপরে এবং একটি নিচে। প্রায় সাত ধরণের টুইল উইভ রয়েছে। যেমন ১/২ টুইল, ২/১ টুইল, ২/২ টুইল, ২/৩ টুইল, ৩/২ টুইল, ৩/৩ টুইল।



| | |
|---|---|
| সেটিন ওয়েভ **(Satin weave)**<br>ইহা এক ধরণের basic weave যেখানে চার বা ততোধিক weft ইয়ার্ন থাকে যা wrap ইয়ার্নের ভিতর দিয়ে ভাসমান আকারে বিদ্যমান থাকে। চারটি wrap ইয়ার্ন একটি weft ইয়ার্নের উপর floating অবস্থায় থাকে। এই float ইয়ার্ন ওভেন কাপড়কে দীপ্তিময় উজ্জল হিসাবে শোভা বর্ধন করে। |  |

Compound weaves পুনরায় নিম্নলিখিত প্রকারের হয়

- ডবি উইভ (dobby weave)
- জ্যাকুয়ার্ড উইভ (jacquard weave)
- ডাবল ক্লোথ এবং ডাবল উইভ (double cloth and double weave)
- পিক্ব (pique)
- পাইল ফেব্রিকস (pile fabrics)
- সারফেস ফিগার উইভ (suface figure weave)

## ১.৩ ওভেন ফেব্রিক এর বৈশিষ্ট্য সমূহ

- ওভেন ফেব্রিক এ দুই সারি সুতা মানে টানা ও পড়েন সুতা ব্যবহার করা হয়
- ওভেন ফেব্রিকের এক সারিতে টানা ও অন্য সারিতে পরেন সুতা ব্যবহার করা হয়
- নীট ফেব্রিক এর তুলনায় ওভেন ফেব্রিক এর ব্যবহার বেশি হয়
- ওভেন ফেব্রিক এর ইলাস্টিকতা নেই বললেই চলে
- ওভেন ফেব্রিক এর ক্ষেত্রে ইয়ার্ন ডাইং বা অলওভার প্রিন্টিং করা হয়
- ওভেন ফেব্রিক এর ব্যবহারবিধি তুলনামূলক বেশি
- প্রত্যেকটি ওভেন ফেব্রিকে একটি নির্দিষ্ট ডিজাইন থাকে
- ওভেন ফেব্রিক দ্বারা লেডিস আইটেম এর ক্ষেত্রে বেশি ব্যবহৃত হয়
- ওভেন ফেব্রিক এর দাম তুলনামূলক সামঞ্জস্যপূর্ণ
- ওভেন ফেব্রিক এ টানা সুতায় আগে মার প্রয়োগ করতে হয়
- ওভেন ফেব্রিক তুলনামূলকভাবে ভাঁজ বেশি দেখা যায়
- ওভেন ফেব্রিকের প্রান্তভাগ গুটিয়ে যায় না
- ওভেন ফেব্রিক এর টপ সাইট এবং ইনসাইড দুটি একই রকম অথবা ভিন্ন হতে পারে
- ওভেন ফেব্রিক সিঙ্গেল প্লাই, ডাবল প্লাই, ও ট্রিপল প্লাই বিশিষ্ট থাকতে পারে
- ওভেন ফেব্রিক তৈরি করাতে চেক, স্ট্রাইপ, ক্রসওভার এবং বিভিন্ন রকম ইফেক্ট সৃষ্টি করা যায়
- ওভেন ফেব্রিকের সামনে-পিছনে অথবা উভয় দিকে আনকাট পাইল থাকতে পারে

### নিট এবং ওভেন গার্মেন্টের মধ্যে পার্থক্য

একটি নিট এবং ওভেন পোশাক শনাক্ত করতে, নিট এবং ওভেন গার্মেন্টের মধ্যে মূল পার্থক্য জানতে হবে। নিচে নিট এবং ওভেন গার্মেন্টের মধ্যে পার্থক্য দেখানো হয়েছে-

নিডেলের সাহায্যে লুপ তৈরি করে এবং একটি লুপ আর একটি লুপের সাথে ইন্টারমেশিং করে এ কাপড় বোনা হয়। অন্যদিকে, ওভেন দুই সেট সুতার ইন্টারলেসমেন্টের মাধ্যমে অর্থাৎ এবং ওয়ার্প এবং ওয়েফট সুতার বন্ধনীর মাধ্যমে এ কাপড় তৈরি করা হয়।

- নিট ফেব্রিক বাল্কি এবং ইলাস্টিক গুণসম্পন্ন হয়ে থাকে। লুপ স্ট্রাকচারের গঠন বাল্কি হওয়ার ফলে সহজে বাতাস প্রবেশ করতে পারে না। অন্যদিকে, ওভেন বননকৃত কাপড়ে একই রকম গুনাগুন থাকে না।
- নিটেড ফেব্রিকে কোন ভাঁজ পড়ে না। অন্যদিকে, বিশেষ ধরনের সুতা ব্যবহারের ফলে ওভেন ফেব্রিককে ভাঁজ পড়ে।
- নিটেড ফেব্রিকে ফাউন্ডেশন এবং ফিল্টার ক্লথ হিসেবে ব্যবহার করা যায়না। অন্যদিকে, ওভেন ফেব্রিককে ফাউন্ডেশন এবং ফিল্টার ক্লথ হিসেবে ব্যবহার করা যায়।
- নিটেড ফেব্রিক বডি শেপের তৈরি করা যায়। অন্যদিকে, ওভেন ফেব্রিক বডি শেপের তৈরি করা যায়না।
- নিটের ক্ষেত্রে সুতায় কোন মাড় দেয়া হয়না। অন্যদিকে, ওভেনের ক্ষেত্রে টানা সুতায়মাড় দেয়া হয়।
- নিটিং ইন্ডাস্ট্রিতে অপচয়কম হয়। অন্যদিকে, উইভিং ইন্ডাস্ট্রিতে অপচয়বেশি হয়।
- নিটিং মেশিনের উৎপাদন ক্ষমতা বেশি। অন্যদিকে, উইভিং এর উৎপাদন ক্ষমতা তুলনামূলক কম।
- নিটিং এর উৎপাদন খরচ কম। অন্যদিকে, উইভিং এর উৎপাদন খরচ বেশি।
- নিটিং ফেব্রিককে আয়রনিং বা ইস্ত্রি করার প্রয়োজন হয়না বললেই চলে। অন্যদিকে, ওভেন ফেব্রিককে আয়রনিং বা ইস্ত্রি করার প্রয়োজন হয়।

## সেলফ চেক শীট (Self Check) - ১: ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন

**সংক্ষিপ্ত প্রশ্ন**

১. প্রশ্ন: ওভেন কাপড় কাকে বলে?
উত্তর:

২. প্রশ্ন: কয়েকটি ওভেন কাপড়ের নাম লিখ।
উত্তর:

৩. প্রশ্ন: কয়েকটি ওভেন ফেব্রিক এর বৈশিষ্ট্য লিখ।
উত্তর:

৪. প্রশ্ন: কয়েকটি ডেনিম ফেব্রিকের বৈশিষ্ট্য লিখ।
উত্তর:

৫. **প্রশ্ন: ওভেন ফেব্রিক কিভাবে তৈরি করা হয়**?
উত্তর:

৬. **প্রশ্ন**: ওভেন ফেব্রিক দ্বারা কোন ***আইটেম এর*** পোশাক বেশি ***ব্যবহৃত*** হয়?
উত্তর:

৭. **প্রশ্ন: ওভেন ফেব্রিকে কি ধরনের ইফেক্ট সৃষ্টি করা যায়**?
উত্তর:

**বহুনির্বানী প্রশ্ন**

৮. ওভেন ফেব্রিককে কয়টি ব্রড ক্যাটাগরিতে ভাগ করা যায়?
ক) ১ টি খ) ২ টি গ) ৩ টি ঘ) ৪ টি
উত্তর:

৯. *ডেনিম কাপড় সর্বপ্রথম কোন দেশে আবির্ভাব হয়েছে?*
ক) ফ্রান্স খ) বাংলাদেশ গ) চীন ঘ) জাপান
উত্তর:

১০. Basic weave কে পুনরায় কয়টি ভাগে ভাগ করা যায়?
ক) ১ টি খ) ২ টি গ) ৩ টি ঘ) ৪ টি
উত্তর:

## উত্তরশীট (Answer Key) – ১: ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর দেওয়া হলো

**সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর**

১. প্রশ্ন: ওভেন কাপড় কাকে বলে?
**উত্তর**: টানা ও পড়েন সুতার সমকোণ মেশিনের সাহায্যে বন্ধন এর মাধ্যমে ওভেন কাপড় তৈরি করা হয়। সহজ করে বলতে গেলে দুই শাড়ি সুতা তাঁতের সাহায্যে পরস্পর সমকোণ বন্ধনীর মাধ্যমে যে কাপড় বা ফেব্রিক তৈরি করা হয় তাকে ওভেন ফেব্রিক বলে।

২. প্রশ্ন: কয়েকটি ওভেন কাপড়ের নাম লিখ।
**উত্তর**:
- Denim (ডেনিম)
- Poplin (পপলিন)
- Linen (লিনেন)
- Flannel (ফ্লানেল)
- Cord (কর্ড)
- Gabardine (গ্যাবাডিন)
- Taffeta (টাফেটা)
- Georget (জর্জেট)
- Crepe (ক্রেপ)

৩. **প্রশ্ন: কয়েকটি ওভেন ফেব্রিক এর বৈশিষ্ট্য লিখ**

**উত্তর**: ওভেন ফেব্রিক এ দুই সারি সুতা মানে টানা ও পড়েন সুতা ব্যবহার করা হয়
- ওভেন ফেব্রিকের এক সারিতে টানা ও অন্য সারিতে পরেন সুতা ব্যবহার করা হয়
- নীট ফেব্রিক এর তুলনায় ওভেন ফেব্রিক এর ব্যবহার বেশি হয়
- ওভেন ফেব্রিক এর ইলাস্টিকতা নেই বললেই চলে
- ওভেন ফেব্রিক এর ক্ষেত্রে ইয়ার্ন ডাইং বা অলওভার প্রিন্টিং করা হয়
- ওভেন ফেব্রিক এর ব্যবহারবিধি তুলনামূলক বেশি

৪. **প্রশ্ন: কয়েকটি ডেনিম ফেব্রিকের বৈশিষ্ট্য লিখ**?
**উত্তর**: এই ডেনিম কাপড় খুবই শক্ত প্রকৃতির, টেকসই এবং আরামদায়ক পরিধেয় কাপড় হিসাবে সকলের নিকট পছন্দনীয় হিসাবে পরিচিত লাভ করেছে।

৫. **প্রশ্ন: ওভেন ফেব্রিক কিভাবে তৈরি করা হয়**?
**উত্তর**: টানা ও পড়েন সুতার সমকোণ মেশিনের সাহায্যে বন্ধন এর মাধ্যমে ওভেন কাপড় তৈরি করা হয়। সহজ করে বলতে গেলে দুই শাড়ি সুতা তাঁতের সাহায্যে পরস্পর সমকোণ বন্ধনীর মাধ্যমে যে কাপড় বা ফেব্রিক তৈরি করা হয় তাকে ওভেন ফেব্রিক বলে।

৬. **প্রশ্ন: ওভেন ফেব্রিক দ্বারা কোন আইটেম এর পোশাক বেশি তৈরি করা হয়?**
**উত্তর**: ওভেন ফেব্রিক দ্বারা লেডিস আইটেম এর পোশাক বেশি তৈরি করা হয়।

৭. **প্রশ্ন**: **ওভেন ফেব্রিকে কি ধরনের ইফেক্ট সৃষ্টি করা যায়**?
**উত্তর**: ওভেন ফেব্রিক তৈরি করার সময় চেক স্ট্রাইপ ক্রস ওভার এবং বিভিন্ন রকম ইফেক্ট সৃষ্টি করা যায়

**বহুনির্বানী প্রশ্ন**

৮. ওভেন ফেব্রিককে কয়টি ব্রড ক্যাটাগরিতে ভাগ করা যায়?
ক) ১ টি খ) ২ টি গ) ৩ টি ঘ) ৪ টি
**উত্তর**: খ) ২ টি

৯. *ডেনিম কাপড় সর্বপ্রথম কোন দেশে আবির্ভাব হয়েছে?*
ক) ফ্রান্স খ) বাংলাদেশ গ) চীন ঘ) জাপান
**উত্তর**: ক) ফ্রান্স

১০. Basic weave কে পুনরায় কয়টি ভাগে ভাগ করা যায়?
ক) ১ টি খ) ২ টি গ) ৩ টি ঘ) ৪ টি
**উত্তর**: গ) ৩ টি

# জব শিট (Job Sheet)-১: ওভেন কাপড় চিহ্নিত  করণ

**Name Of the Job (কাজের নাম): ওভেন কাপড় চিহ্নিত** করণ

**কাজের ধাপসমুহ**

১. ছবিযুক্ত জবশীটটি ভালো ভাবে পর্যবেক্ষণ করুন
২. ওভেন ফেব্রিকর ইনফরমেশন শীটটি  মনোযোগ দিয়ে পড়ুন
৩. ছবি ও বৈশিষ্ট্য এর পাশে প্রদত্ত খালি ঘরে ওভেন ফেব্রিকের নাম লিখুন
৪. প্রয়োজনীয় সকল উপকরণ সংগ্রহ করুন।
৫. কাজ শেষে সকল যন্ত্রপাতি, কেমিক্যাল, উপকরন সমুহ পরিস্কার করে নির্ধারিত স্থানে রেখে দিন।
৬. কর্মস্থল পরিস্কার পরিছন্ন করে কাজ শেষ করুন।

**জব / কাজ চিত্র**

| ওভেন ফেব্রিকের  এর ছবি | ওভেন ফেব্রিকের  বৈশিষ্ট্য | ওভেন ফেব্রিকের  এর নাম |
|---|---|---|
|  | এই কাপড় খুবই শক্ত প্রকৃতির, টেকসই এবং আরামদায়ক পরিধেয় কাপড় হিসাবে সকলের নিকট পছন্দনীয় হিসাবে পরিচিত লাভ করেছে। | |
|   | মহিলাদের সেলোয়ার-কামিজ, ছেলেদের শার্ট, পায়জামা, মহিলাদের শাড়ি, পাঞ্জাবি, ধুতি ইত্যাদি পোশাক তৈরিতে এই কাপড় ব্যবহার করা হয়। | |
|  | সুতির সুতার মতো এই ফেব্রিকে বুনন অতটা ঠাসা হয় না বলে কাপড়ের ভিতরে অনেক বেশি বাতাস চলাচল করতে পারে। | |
|  | সেরা মানের টু-প্লাই ওয়ার্স্টেড সুতা ব্যবহার করে, তবে সিঙ্গোল-ওয়ার্স্টেড সুতা, টু-প্লাই এবং একক পশমী সুতাও ব্যবহার করা হয়। যা স্যুট, প্যান্ট এবং অন্যান্য পোশাক তৈরি করতে ব্যবহৃত হয়। | |

## স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ১: ওভেন কাপড় চিহ্নিত করণ

**Name oF the Job (কাজের নাম): ওভেন কাপড় চিহ্নিত করুন**

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রমিক নং | পিপিই নাম | পরিমান |
|---|---|---|
| ১ | এ্যাপ্রোন | ১টি |
| ২ | মাক্স | ১টি |
| ৩ | স্কার্ভ্ | ১ টি |
| ৪ | চশমা | ১ টি |

**প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি**

| ক্রমিক নং | প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতির নাম | পরিমান |
|---|---|---|
| ১ | কলম | ১টি |
| ২ | পেন্সিল | ১টি |
| ৩ | ইরেজার | ১ টি |
| ৪ | খাতা | ১টি |

## শিখনফল (Learning Outcome) - ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. ওভেন পোশাক চিহ্নিত করা হয়েছে<br>২. ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে |
| **শর্ত ও রিসোর্স** | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ড আউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস<br>১০. প্রয়োজনীয় টুলস<br>১১. প্রয়োজনীয় পিপিই |
| **বিষয়বস্তু** | ১. ওভেন পোশাক<br>২. ওভেন পোশাকের ধরণ |
| **জব/টাস্ক/ এক্টিভিটি** | ১. বিভিন্ন ওভেন কাপড় চিহ্নিত করণ |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন(Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্টওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. ব্রেইনস্টর্মিং (Brainstorming) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | বাস্তব কর্মক্ষেত্রে অথবা প্রতিষ্ঠানে এনএসডিএ কর্তৃক সনদপ্রাপ্ত/মনোনিত অ্যাসেসর দ্বারা নিম্নলিখিত পদ্ধতিতে অ্যাসেসমেন্ট সম্পাদিত হবে-<br>১. লিখিত পরীক্ষা ( Written examination )<br>২. প্রদর্শন ( Demonstration )<br>৩. মৌখিক প্রশ্ন (Interview ) |

## শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) – ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

| **শিখন কার্যক্রমিক** (**Learning Activities**) | **উপকরণ / বিশেষ নির্দেশনা** (**Resources / Special instructions**) |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে উপকরন সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে” বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট-২ ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেলফ চেক শিট-২ এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র-২ এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব / টাস্ক শিট অনুযায়ী জব / টাস্ক সম্পাদন করুন।<br>জব শিট -২: বিভিন্ন ওভেন পোশাক চিহ্নিত করুন<br><br>স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২ বিভিন্ন ওভেন পোশাক চিহ্নিত করুন |

# ইনফরমেশন শীট (Information Sheet) - ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

**শিক্ষন উদ্দেশ্য (Objective): এই ইনফরমেশন শীট পাঠে প্রশিক্ষণার্থীগণ-**

২.১ ওভেন পোশাক চিহ্নিত করতে পারবে।

২.২ ওভেন পোশাকের ধরণ ব্যাখা করতে পারবে

## ২.১ ওভেন পোশাক

আমরা যে কাপড় গায়ে দিয়ে বা শরীরে জড়িয়ে লজ্জা নিবারণ করি ও দেহের সৌন্দর্য বৃদ্ধি করি তাকে পোশাক বলে। যে পোশাকগুলো ওভেন কাপড় থেকে তৈরি সেগুলো ওভেন পোশাক হিসেবে পরিচিত বা ওভেন পোশাক বলে।



ওভেন গার্মেন্টস্ এ যদি সঠিক নিয়ম না মেনে প্রোডাকশন শুরু করা হয় প্রোডাকশন রানিং হওয়ার পর নানা ধরনের সমস্যার সম্মূখীন হতে পারে। নিচের নিয়ম গুলি মেনে প্রোডাকশন শুরু করলে মিনিমাম ৯০% সমস্যার সমাধান করা সম্ভব ।

- যেই সুইং লাইনে প্রোডাকশন প্লান করা হয়েছে, ঐ লাইন থেকে সাইজ সেট তৈরি করতে হবে।
- খুব সতর্কতার সহিত সাইজ সেট রিভিও করতে হবে এবং কারেকশন গুলো লিপিবদ্ধ করে নিতে হবে।
- উৎপাদন শুরু করার পূর্বে অবশ্যই পি. পি. মিটিং করতে হবে।
- পাইলট রান হিসেবে ৩৫০-৫০০ পিস বডি সেলাই করার জন্য কাপড় কেটে সুইং লাইন লে-আউট করতে হবে।
- খুব সতর্কতার সহিত সুইং লে-আউট করতে হবে।
- ফাস্ট আউটপুট থেকে একটা সাইজ সেট নিয়ে ভাল ভাবে মেজারমেন্ট করে গার্মেন্টস্ গুলি সুতা/ রশি দিয়ে বেধে মার্ক করতে হবে।
- মার্ক করা সাইজ সেট ও স্রিঙ্কেজ এর কাটপিস সহ টোটাল ১০০ পিছ এর একটা ব্যাচ ওয়াসিং সেকশনে পাঠিয়ে বায়ারের রিকোয়ারমেন্ট অনুয়াযী ওয়াস করাতে হবে।


- ওয়াস করা ১০০ পিস গার্মেন্টস ওয়াসিং কিউসি দিয়ে খুব ভালভাবে পিস টু পিস চেক করতে হবে। এবং যে সকল সমস্যা পাওয়া যায় তা লিপিবদ্ধ করে তার উপরে কারেকটিভ একশান নিতে হবে।
- মার্ক করা সেই সাইজ সেট ও স্রিঙ্কেজ টেস্ট করার জন্য সেই কাটপিস উৎপাদন ফ্যাক্টরিতে আলাদা করে পাঠাতে হবে।
- মার্ক করা সাইজ সেট নিয়ে ফিনিসিং কিউ. সি. প্রাথমিক ফিনিসিং প্রসেস কমপ্লিট করবে।
- আয়রন করার আগে সেই সাইজ সেট এর গুরুত্বপূর্ণ পয়েন্ট গুলি মেজারমেন্ট করে নিতে হবে। তারপর স্বাভাবিক ভাবে আয়রন করে ২ ঘন্টা রিলেক্সজেশনে রাখতে হবে।
- দুই ঘন্টা পরে সকল মেজারমেন্ট পয়েন্ট সতর্কতার সহিত মেপে রেকর্ড করতে হবে।
- তারপর সকল লেভেল ও ট্যাগ লাগাতে হবে। (মানে অনুসাঙ্গিক ফিনিসিং এক্সোসরিজ লাগিয়ে কমপ্লিট করে নিতে হবে)
- উপরের সকল প্রসেস কমপ্লিট করার পরে মার্ক করা সাইজ সেটটি সকল মেজারমেন্ট রিপোর্ট সহ কোয়ালিটি ম্যানেজার / জিএম এর কাছে পাঠাতে হবে।
- জিএম অথবা ম্যানেজার সাহেব যদি কোন কারেকশন দেয়ার প্রয়োজন মনে করেন, তাহলে তা করে নিয়ে মূল উৎপাদন শুরু করতে হবে।
- এই সময়ের মধ্যে যদি সুইং লাইন ফাকা হয়ে যাওয়ার সম্ভাবনা হয় বা লাইনে ফিডিং করানোর প্রয়োজন পড়ে তাহলে কোয়ালিটি জিএম আরো ৫০০ পিস পোষাক কাটার পারমিশন দিতে পারেন।
- প্রথম পাইলট রানে যদি অপেক্ষাকৃত বেশী কারেকশান দরকার পড়ে তাহলে দ্বিতীয় পাইলট রান হিসেবে ৫০০ পিস এর জন্য কাপড় কাটতে হবে এবং হাতে হাতে আর একটা সাইজ সেট বের করে নিশ্চিত হতে হবে যে কারেকশান ঠিক হয়েছে কি না।

## ২.২ বিভিন্ন ধরনের ওভেন পোশাক

- শার্ট
- প্যান্ট
- জ্যাকেট
- স্কার্ট
- ড্রেস

### শার্ট

শার্ট উর্ধাঙ্গের পরনের একটি পোশাক। প্রকৃতপক্ষে শার্ট ছিল কেবল মাত্র পুরুষদের পরিধেয় একটি অন্তর্পোশাক। পরে আমেরিকানরা ইংরেজিতে সকল প্রকার উর্ধাঙ্গের পরিধেয়কে শার্ট নামে অভিহিত করে থাকেন।




**শার্ট**

**শার্টের অংশগুলো**

- কলার ও কলার ব্যান্ড
- ফ্রন্ট পার্ট
- মেইন লেভেল
- ইয়োক
- আর্মহোল
- স্লিভ
- কাফ
- পকেট
- বটম
- বডি ব্যাক পার্ট ইত্যাদি।

**শার্ট মুলত দুই প্রকার।**

- বেসিক শার্ট
- পাইলট শার্ট

| | |
|---|---|
| **বেসিক শার্ট :**<br>এই শার্টে একটি মাত্র পকেট থাকবে এবং সেলাই সাধারন সেলাই হবে। পকেট দুইটাও থাকতে পারে কিন্তু কোনো ডিজাইন হবে না। তাকে বেসিক শার্ট বলে। |  |
| **পাইলট শার্ট :**<br>এই শার্টে একাধিক পকেট থাকবে এবং পকেটের উপর ফ্লাপ বা ঢাকনা থাকবে। শুধু তাই না সেলাইয়ে বিভিন্ন রকম ডিজাইনও থাকতে পারে। |  |

**বর্তমান সময়ে বাজারে বিভিন্ন ধরণের শার্ট পাওয়া যায়**

| | |
|---|---|
| **ক্লাসিক OCBD শার্ট**<br>এর পূর্ণ রুপ হল Oxford-cloth button-down shirt যা এক ধরণের ক্যাযুয়াল বা নৈমিত্তিক শার্ট হিসাবে পরিচিত। এই ধরণের শার্ট বাস্কট উইভ প্রক্রিয়ায় প্রস্তুতকৃত অক্সফোর্ড ফেব্রিক দিয়ে তৈরি করা হয়। এই শার্টে নামের অবশিষ্ট অংশ button-down এর বিশেষত্ব হল এখানে বাটনের সাহায্যে শার্টের কলার যথাস্থানে রাখা হয়। এই ধরণে শার্ট সচারাচর অন্যান্য শার্টের তুলনায় একটু ভারি বা পুরু হয়ে থাকে। বাহ্যিক দৃষ্টিতে এর গঠন প্রকৃতিও চোখে ফুটে উঠার মত। | <br>**ক্লাসিক OCBD শার্ট** |
| **ড্রেস শার্ট**<br>আজকের দিনের যে কোন আধুনিক মানুষের জন্য ড্রেশ শার্টের প্রয়োজন হয় যা পরিধান করে ফরমাল কোন আনুষ্ঠানে যাতায়ত করা যায়। এজন্য আপনার আলমারিতে একাধিক ড্রেস শার্টের সংগ্রহ থাকা চাই। অনেক সময় স্যুট-কোট এবং জুতোর সাথে মিলিয়ে এ ধরণের শার্ট ক্রয় করতে দেখা যায়। এরা হল button-up ধরণের শার্ট যেখানে কলার ব্যাতিত শার্টের সামনের দিকের উপর থেকে নিচ পর্যন্ত বোতাম থাকে। আর button-down শার্ট এর ক্ষেত্রে অতিরিক্তভাবে কলারে বোতাম লাগানোর ব্যবস্থা থাকে। ড্রেস শার্ট উচু মানের কাপড় দিয়ে তৈরি করা হয়। অধিকাংশ ক্ষেত্রেই এই শার্ট সলিড কালারের বা এক রঙ বিশিষ্ট হয়। ড্রেস শার্ট সাধারনত: ফুল হাতা বিশিষ্ট হয়। | <br>**ড্রেস শার্ট** |

| | |
|---|---|
| **ফ্লানেল শার্ট**<br>ফ্লানেল কাপড় দিয়ে তৈরি শার্টের ডিজাইনগত দিক দিয়ে বিভিন্ন রকমের বৈচিত্র থাকে। এক এক সময় এক এক নতুন ডিজাইনের শার্টের আবির্ভাব হয়। এই কারণে তরুণ সমাজের কাছে এটি একটি জনপ্রিয় ধরণের শার্ট। বিভিন্ন ইনফরমাল পরিবেশে পরিধানের ক্ষেত্রে এর বহুল ব্যবহার লক্ষ্য করা যায়। যেমন হতে পারে কোন নির্মাণ কাজের সাইট পরিদর্শনে, বা উইক এন্ডের কোন প্রোগ্রামে অথবা কোথাও বেড়াতে যেতে আপনি এটিকে বেছে নিতে পারেন। ভাল মানের কাপড় দিয়ে তৈরি ফ্লানেল শার্ট পরিধানে আরামদায়ক ও গরম অনুভুত হয় এবং দীর্ঘ সময় ধরে এটি পরিধান করা যায়। এটি বেশ মোটা বা পুরু কাপড় দিয়ে তৈরি হওয়ার জন্য শীত কালে এর ব্যবহার বেশি লক্ষ্য করা যায়। | <br>**ফ্লানেল শার্ট** |
| **ডেনিম শার্ট**<br>আমারা যে সব কাপড়কে জিন্স কাপড় নামে ডেকে থাকি সেই কাপড় দিয়ে এই শার্ট তৈরি করা হয়। ডেনিমকে timeless textile হিসাবেও অভিহিত করা হয়। এজন্য এর ব্যবহার কখনোও শেষ হবার নয়। বিশেষ করে তরুণ পুরুষ সমাজের নিকট এটি খুব জনপ্রিয় একটি পোশাক। ডেনিম শার্ট সাধারণত: ক্যাযুয়াল ড্রেস হিসাবে স্বীকৃত। এটি মোটা ধরণের কাপড় হওয়ায় শীতকালে এর প্রচলন বেশী দেখা যায়। ডেনিম শার্ট অনেক ক্ষেত্রে ওভার কোট হিসাবেও ব্যবহৃত হয়। | <br>**ডেনিম শার্ট** |
| **লিনেন শার্ট**<br>ফ্ল্যাক্স নামিয় উদ্ভিদের আঁশ থেকে উৎপাদিত লিনেন কাপড় দিয়ে এই ধরণের শার্ট তৈরি করা হয়। লিনেন কাপড়ের ফাইবার পাতলা বা সূক্ষ হওয়ার জন্য এই কাপড়ের ভিতর দিয়ে খুব সহজেই বাতাস আসা যাওয়া করতে পারে। ফলে গরম আবহাওয়ার দেশসমুহে এর ব্যবহার অধিক পরিলক্ষিত হয়। এছাড়াও, অফিসিয়াল বা ফরমাল পরিবেশে পরিধানের জন্যও লিনেন শার্ট বেশ উপযোগী। | <br>**লিনেন শার্ট** |
| **অফিসিয়াল বা ফরমাল শার্ট**<br>এটি অনেকটা ড্রেস শার্টের মতই। এরা সতেজ ও পরিচ্ছন্নতার অধিকারি হয় যা ব্যবহার করে আপনি যে কোন অফিসিয়াল পরিবেশে যেতে পারবেন। অফিশিয়াল শার্ট সাধারণত: শক্ত বা আটশাঁটভাবে বোনা হয় এবং পপলিনের মত খুব মসৃন কটন ফেব্রিক দিয়ে তৈরি করা হয়। | <br>**ফরমাল শার্ট** |
| **সেম্ব্রে শার্ট**<br>এই ধরণের শার্ট দেখতে ডেনিমের মত। এছাড়াও এই কাপড় দিয়ে তৈরি শার্ট গায়ে দিলে অনেক সময় ফ্লানেলের মতও দেখাতে পারে। কিন্তু কিছুটা উন্নত পর্যায়ের ফ্লানেল বলতে হবে। চ্যাম্ব্রে কাপড় প্লেইন উইভ পদ্ধতিতে তৈরি করা হয় যা টুইল উইভের তুলনায় কিছুটা হালকা ওজনের হয়। যা আপনি জিন্সের কাপড়ের সাথে মিলিয়ে পরিধান করতে পারেন। এই কাপড়ের শার্ট পরিধান করলে খুব চমৎকার দেখায় এবং এটি পরে আপনি যে কোন কাজই করতে পারেন। এই কাপড়ের |  |

| | |
|---|---|
| বহুমুখি বৈচিত্রতার কারণে এর স্টাইলিং ততটা সহজ নয়। | **সেন্ত্রে শার্ট** |
| **হাফ হাতা শার্ট বা ক্যাম্প শার্ট**<br>সাধারণত: ক্যাযুয়াল কাজে হাফ হাতা শার্ট ব্যবহার করা হয়। এই শার্ট দৈনন্দিন বিভিন্ন কাজে আপনি পরিধান করতে পারেন। তবে, গ্রীষ্মকালীন আবহাওয়ায় এর ব্যবহার অধিক হয়ে থাকে। এই শার্টের কলার কিছুটা প্রশস্ত হতে পারে। এই শার্ট প্লেইন হতে পারে আবার প্যাটার্নও থাকতে পারে। অনেক সময় আপনি পুরো শার্টেই প্রিন্ট করানো পেতে পারেন। | <br>**হাফ হাতা শার্ট** |
| **প্যান্ট**<br>ছেলে বা মেয়ে উভয়ের জন্য কোমড় থেকে পায়ের গোড়ালি পর্যন্ত পরিধানযোগ্য পোশাককে প্যান্ট বলে। প্যান্ট প্রধানত দু'প্রকারের হয়। ক) হাফ প্যান্ট খ) ফুল প্যান্ট। এছাড়া ব্যবহারের ভিত্তিতে বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন- জিন্স প্যান্ট, রেগুলার প্যান্ট, লেডিস প্যান্ট এবং টাউজার প্যান্ট। |  |

**সাধারনত প্যান্টের নিম্ন লিখিত অংশ গুলো থাকে**

- সামনের অংশ (Front part)
- পিছনের অংশ (Back part )
- পিছনের জোয়াল (Back yoke)
- পকেট(Pocket)
- সীম এবং সিংগেল ফ্লাই (Seam and Single fly)
- ডাবল ফ্লাই (Double fly)
- কোমর ব্যান্ড (Waist band)
- বেল্ট লুপ (Belt loops)


**প্যান্টের বিভিন্ন অংশ:**

একটি প্যান্টের প্রধানত ৩টি অংশ। যেমন- ক)সামনের অংশ বা ফ্রন্ট র্পাট খ) পেছনের অংশ বা ব্যাক র্পাট গ) ওয়েস্ট বেল্ট।

**সামনের অংশ বা ফ্রন্ট** পার্ট **:** একটি প্যান্টের সামনে বামদিকে ও ডান দিকে দুটি অংশ থাকে। বামদিকের অংশকে বাম র্পাট এবং ডানদিকের অংশকে ডান র্পাট বলে। সামনের অংশে সাইড পকেট, জিপার, ফ্লাই পার্ট থাকে।

**পেছনের অংশ বা ব্যাক** পার্ট **:** একটি প্যান্টের পেছনে বামদিকে ও ডান দিকে দুটি অংশ থাকে। পেছনের অংশে ব্যাক পকেট থাকে।

**ওয়েস্ট বেল্ট:** ওয়েস্ট বেল্ট হলো প্যান্টের একটি অংশ যা কোমরের চারিদিকে ঘিরে থাকে। এ অংশে প্যান্টের সামনের এবং পেছনের অংশ সংযোজিত থাকে। অনেক সময়এই অংশে ইলাস্টিক ব্যবহার করা হয়।ইলাস্টিক ব্যবহার করলে পোশাক পড়তে অনেক সহজ হয়।




**জ্যাকেট**

জ্যাকেট শরীরের উপরের অংশের জন্য একটি পোশাক, সাধারণত নিতম্বের নীচে প্রসারিত হয়।
একটি জ্যাকেটের সাধারণত হাতা থাকে এবং সামনের দিকে বা সামান্য পাশে বাঁধা যায়।
একটি জ্যাকেট সাধারণত হালকা, শক্ত-ফিটিং এবং একটি কোটের চেয়ে কম অন্তরক হয়, যা বাইরের পোশাক।
কিছু জ্যাকেট ফ্যাশনেবল, অন্যগুলো প্রতিরক্ষামূলক পোশাক হিসেবে কাজ করে।



**স্কার্ট**


স্কার্ট এমন একটি পোশাক বা গাউন যা নিচের অংশ, কোমর থেকে নিচের দিক থেকে ব্যক্তির আচ্ছাদন, বা এই উদ্দেশ্যে পরিবেশন করা একটি পৃথক বাইরের পোশাককেই স্কার্ট বলা হয়।



**গ্রাহকের বিশেষ চাহিদা**


| Long skirts | Short skirts | Skirt with gather | Pleats skirts | Umbrella shape skirts |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |
|  |  |  |  |  |

| Tight skirt | gourd skirt | tiered skirt | pleated skirt |
|---|---|---|---|
|  |  |  |  |



**ড্রেস বা পোশাক**


আমরা যে কাপড় গায়ে দিয়ে বা শরীরে জড়িয়ে লজ্জা নিবারণ করি ও দেহের সৌন্দর্য বৃদ্ধি করি তাকে পোশাক বলে।




**পোশাক কত প্রকার :**

পোশাককে বিভিন্ন ভাগে ভাগ করা যায় যেমনঃ

- মানুষের শরীরের উপরিভাগ এর পোশাক
- মানুষের শরীরের নিচের ভাগের পোশাক
- মানুষের শরীরের বহির্ভাগের পোশাক এবং মানুষের শরীরের সাথে লাগানো পোশাক
- ছেলেদের পোশাক
- মেয়েদের পোশাক
- শিশুদের পোশাক

| | |
|---|---|
| **মানুষের শরীরের উপরিভাগ এর পোশাক**<br>মানুষের শরীরের উপরিভাগ এর পোশাক যেমনঃ শার্ট, কোট, জ্যাকেট ইত্যাদি। | <br>**জামা** |
| **মানুষের শরীরের নিচের ভাগের পোশাক**<br>মানুষের শরীরের নিচের ভাগের পোশাক যেমনঃ প্যান্ট, সর্টস, হাফ প্যান্ট, স্কার্ট, পায়জামা ইত্যাদি। | <br>**প্যান্ট** |
| **মানুষের শরীরের বহির্ভাগের পোশাক**<br>মানুষের শরীরের বহির্ভাগের পোশাক অর্থাৎ যে পোশাক অন্য পোশাকের উপর পরিবর্তন করতে হয় যেমনঃ কোট, জ্যাকেট, প্যান্টস ইত্যাদি। | <br>**কোর্ট** |
| **মানুষের শরীরের সাথে লাগানো পোশাক**<br>মানুষের শরীরের সাথে লাগানো পোশাক অর্থাৎ যে পোশাক অন্য পোশাকের নিচে পরিধান করা হয় যেমনঃ আন্ডারওয়্যার, ব্রেসিয়ার, টি-শার্ট ইত্যাদি। | <br><br>আন্ডারওয়্যার |
| **ছেলেদের পোশাক**<br>ছেলেদের পোশাক যেমনঃ ছেলেদের সর্টস, ছেলেদের প্যান্টস, ছেলেদের কোট ইত্যাদি। | <br>ছেলেদের কোর্ট |

| | |
|---|---|
| **মেয়েদের পোশাক**<br>মেয়েদের পোশাক যেমনঃ মেয়েদের কোট, মেয়েদের ব্রেসিয়ার, মেয়েদের সর্টস, মেয়েদের প্যান্টস, স্কার্ট ইত্যাদি। | <br>মেয়েদের পোশাক |
| **শিশুদের পোশাক**<br>শিশুদের পোশাক যেমনঃ শিশুদের ওভারঅল পোশাক ইত্যাদি। | <br>শিশুদের পোশাক |

## সেলফ চেক শীট (Self Check) - ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন

**সংক্ষিপ্ত প্রশ্ন**

১. প্রশ্ন: ওভেন পোশাক কি?
উত্তর:

২. প্রশ্ন: কায়েকটি ওভেন পোশাকের নাম লিখ।
উত্তর:

৩. প্রশ্ন: শার্ট প্রধানত কয় প্রকার?
উত্তর:

৪. প্রশ্ন: কয়েকটি ওভেন শার্টের নাম লিখ।
উত্তর:

৫. প্রশ্ন: শার্টের কয়েকটি অংশের নাম লিখ।
উত্তর:

৬. প্রশ্ন: পাইলট রান হিসেবে কত পিস বডি সেলাই করার জন্য কাপড় কেটে সুইং লাইন লে-আউট করতে হবে।
ক) ৩৫০-৫০০ খ) ৫০০-৭৫০
গ) ৭৫০-১০০০ ঘ) ৫০০-১০০০
উত্তর:

৭. প্রশ্ন: মেয়েদের পোশাক কোনটি?
ক) শার্ট খ) কোর্ট
গ) কামিজ ঘ) সুট
উত্তর:

৮. প্রশ্ন: কাফ-------------------------- প্রকার?
ক) ১ প্রকার খ) ৩ প্রকার
গ) ২ প্রকার ঘ) ৪ প্রকার
উত্তর:

৯. প্রশ্ন: কলার প্রধানত----------------প্রকার?
ক) ১ প্রকার খ) ৩ প্রকার
গ) ২ প্রকার ঘ) ৪ প্রকার
উত্তর:

১০. প্রশ্ন: মানুষের শরীরে লাগানো থাকে যে পোশাক তাকে-----------------------বলে ?
ক) আন্ডারওয়ার খ) টি-শার্ট
গ) শার্ট ঘ) পোলো শার্ট
উত্তর:

## উত্তরশীট (Answer Key) – ২: ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন

**সংক্ষিপ্ত প্রশ্ন**

১. প্রশ্ন: ওভেন পোশাক কি?

**উত্তর**: আমরা যে কাপড় গায়ে দিয়ে বা শরীরে জড়িয়ে লজ্জা নিবারণ করি ও দেহের সৌন্দর্য বৃদ্ধি করি তাকে পোশাক বলে। যে পোশাকগুলো ওভেন কাপড় থেকে তৈরি সেগুলো ওভেন পোশাক হিসেবে পরিচিত বা ওভেন পোশাক বলে।

২. প্রশ্ন: কায়েকটি ওভেন পোশাকের নাম লিখ?

**উত্তর**:

- শার্ট
- প্যান্ট
- জ্যাকেট
- স্কার্ট
- কোর্ট ইত্যাদি

৩. প্রশ্ন: শার্ট প্রধানত কয় প্রকার ও কি কি?

**উত্তর**: ২ প্রকার

- বেসিক শার্ট
- পাইলট শার্ট

৪. প্রশ্ন: কয়েকটি ওভেন শার্টের নাম লিখ?

**উত্তর**: **সিক OCBD শার্ট , ড্রেস শার্ট , ফ্লানেল শার্ট , ডেনিম শার্ট ,সেম্রে শার্ট , হাফ হাতা শার্ট বা ক্যাম্প শার্ট**

৫. প্রশ্ন: শার্টের কয়েকটি অংশের নাম লিখ?

**উত্তর**:

- কলার
- কলার ব্যান্ড
- ইয়ক
- ফ্রন্ট পার্ট
- ব্যাক পার্ট
- স্লিভ
- কাফ
- পকেট
- মেইন লেভেন
- প্লাকেট ইত্যাদি

৬. প্রশ্ন: পাইলট রান হিসেবে কত পিস বডি সেলাই করার জন্য কাপড় কেটে সুইং লাইন লে-আউট করতে হবে।

ক) ৩৫০-৫০০ খ) ৫০০-৭৫০

গ) ৭৫০-১০০০ ঘ) ৫০০-১০০০

**উত্তর: ক) ৩৫০-৫০০**

৭. প্রশ্ন: মেয়েদের পোশাক কোনটি?

ক) শার্ট খ) কোর্ট

গ) কামিজ ঘ) সুট

**উত্তর: গ) কামিজ**

৮. প্রশ্ন: কাফ-------------------------- প্রকার?

ক) ১ প্রকার খ) ৩ প্রকার

গ) ২ প্রকার ঘ) ৪ প্রকার

**উত্তর: ঘ) ৪ প্রকার**

৯. প্রশ্ন: কলার প্রধানত----------------প্রকার?

ক) ১ প্রকার খ) ৩ প্রকার

গ) ২ প্রকার ঘ) ৪ প্রকার

**উত্তর: গ) ২ প্রকার**

১০. প্রশ্ন: মানুষের শরীরে লাগানো থাকে যে পোশাক তাকে-----------------------বলে ?

ক) আন্ডারওয়ার খ) টি-শার্ট

গ) শার্ট ঘ) পোলো শার্ট

**উত্তর: ক) আন্ডারওয়ার**

# জব শিট (Job Sheet) – ২: বিভিন্ন  ওভেন পোশাক চিহ্নিত করুন

১. প্রয়োজনীয় সকল পিপিই সংগ্রহ ও পরিধান করূন।
২. ছবিযুক্ত জবশীটটি ভালো ভাবে পর্যবেক্ষণ করুন
৩. ওভেন পোশাকের ব্যাখ্যা ও প্রকারভেদ মনোযোগ দিয়ে পড়ুন
৪. ছবি ও বৈশিষ্ট্য এর পাশে ওভেন পোশাকের  নাম লিখুন
৫. প্রয়োজনীয় সকল উপকরণ সংগ্রহ করূন।
৬. কাজ শেষে সকল যন্ত্রপাতি, কেমিক্যাল, উপকরন সমুহ পরিস্কার করে নির্ধারিত স্থানে রেখে দিন।
৭. কর্মস্থল পরিস্কার পরিছন্ন করে কাজ শেষ করুন।

**জব/ কাজ**

| বিভিন্ন ধরণের ওভেন পোশোকের ছবি | বিভিন্ন ধরণের ওভেন পোশোকের বৈশিষ্ট | বিভিন্ন ধরণের ওভেন পোশোকের  নাম লিখ |
|---|---|---|
|  | এই শার্টে একটি মাত্র পকেট থাকবে এবং সেলাই সাধারন সেলাই হবে। পকেট দুইটাও থাকতে পারে কিন্তু কোনো ডিজাইন হবে না। | |
|  | এই শার্টে একাধিক পকেট থাকবে এবং পকেটের উপর ফ্লাপ বা ঢাকনা থাকবে। শুধু তাই না সেলাইয়ে বিভিন্ন রকম ডিজাইনও থাকতে পারে। | |
|  | এর পূর্ণ রুপ হল Oxford-cloth button-down shirt যা এক ধরণের ক্যাযুয়াল বা নৈমিত্তিক শার্ট হিসাবে পরিচিত। এই ধরণের শার্ট বাস্কট উইভ প্রক্রিয়ায় প্রস্তুতকৃত অক্সফোর্ড ফেব্রিক দিয়ে তৈরি করা হয়। | |

| | | |
|---|---|---|
|  | এটি অনেকটা ড্রেসড শার্টের মতই। এরা সতেজ ও পরিচ্ছন্নতার অধিকারি হয় যা ব্যবহার করে আপনি যে কোন অফিসিয়াল পরিবেশে যেতে পারবেন। | |
|  | আমার যে সব কাপড়কে জিন্স কাপড় নামে ডেকে থাকি সেই কাপড় দিয়ে এই শার্ট তৈরি করা হয়। | |
|  | এটি এমন একটি পোশাক বা গাউন যা নিচের অংশ, কোমর থেকে নিচের দিক থেকে ব্যক্তির আচ্ছাদন, বা এই উদ্দেশ্যে পরিবেশন করা একটি পৃথক বাইরের পোশাক। | |
|  | এই ধরণের শার্ট দেখতে ডেনিমের মত। এছাড়াও এই কাপড় দিয়ে তৈরি শার্ট গায়ে দিলে অনেক সময় ফ্লানেলের মতও দেখাতে পারে। যা আপনি জিন্সের কাপড়ের সাথে মিলিয়ে পরিধান করতে পারেন। | |

## স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২ বিভিন্ন ওভেন পোশাক চিহ্নিত করুন

### প্রয়োজনীয় পিপিই

| ক্রমিক নং | পিপিই নাম | পরিমান |
|---|---|---|
| ১. | এ্যাপ্রোন | ১টি |
| ২. | মাক্স | ১টি |
| ৩. | স্কার্ভ | ১ টি |
| ৪. | চশমা | ১ টি |
| ৫. | হ্যান্ড গ্লোভস | ১ জোড়া |

### প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি

| ক্রমিক নং | প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতির নাম | পরিমান |
|---|---|---|
| ১. | কলম | ১টি |
| ২. | পেন্সিল | ১টি |
| ৩. | ইরেজার | ১ টি |
| ৪. | খাতা | ১টি |

## শিখনফল (Learning Outcome) – ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. ওভেন কাপড় হ্যান্ডলিং করতে নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয়গুলো ব্যাখ্যা করা হয়েছে<br>২. ওভেন কাপড় সঠিকভাবে হ্যান্ডলিং করা হয়েছে |
| **শর্ত ও রিসোর্স** | ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ড আউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস<br>১০. প্রয়োজনীয় টুলস<br>১১.প্রয়োজনীয় পিপিই |
| **বিষয়বস্তু** | ১. ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয়<br>২. ওভেন কাপড় সঠিকভাবে হ্যান্ডলিং করা |
| **জব/টাস্ক/ এক্টিভিটি** | ১. বিভিন্ন ওভেন কাপড় হ্যান্ডলিং করণ |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্টওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. ব্রেইনস্টর্মিং (Brainstorming) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | বাস্তব কর্মক্ষেত্রে অথবা প্রতিষ্ঠানে এনএসডিএ কর্তৃক সনদপ্রাপ্ত/মনোনিত অ্যাসেসর দ্বারা নিম্মলিখিত পদ্ধতিতে অ্যাসেসমেন্ট সম্পাদিত হবে-<br>১. লিখিত পরীক্ষা ( Written Test )<br>২. প্রদর্শন ( Demonstration )<br>৩. মৌখিক প্রশ্ন (Interview ) |

## শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

| **শিখন কার্যক্রমিক**<br>(**Learning Activities**) | **উপকরণ / বিশেষ নির্দেশনা**<br>(**Resources / Special instructions**) |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে উপকরন সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | **১.** প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের বিভিন্ন **“**ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে**”** বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট-৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেলফ চেক শিট-৩: এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র-৩: এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. জব শীট ৩এবং জব স্পেশিফিকেশন শীট ৩- অনুযায়ী জব সম্পাদন করুন।<br>এ্যাক্টিভিটি শিট ( Acitivity  Sheet) ৩: ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তাস্পেসিফিকেশন শিট (Specification Sheet)  ৩: ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা |

# ইনফরমেশন শীট (Information Sheet) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

**শিক্ষন উদ্দেশ্য (Objective): এই ইনফরমেশন শীট পাঠে প্রশিক্ষণার্থীগণ-**

৩.১ ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয় সম্পর্কে জানতে পারবে
৩.২ ওভেন কাপড় সঠিকভাবে হ্যান্ডলিং করা

## ৩.১ ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয়

- কাপেড়ের ডাস্ট
- রাসায়নিকের কারনে শরীরের ত্বক জ্বালাপোড়া
- ত্বকের ঘর্ষণ
- চোখ নাখ ও গরায় জ্বালাপোড়া

### কাপেড়ের ডাস্ট

যে কোন কাপড় কাটিং করার পর প্রচুর পরিমানে ডাস্ট হয়। এই ডাস্ট মানব দেহের নাক ও মুখ দিয়ে প্রবেশ করে ফুসফুসের মারাত্বক ক্ষতি করে। ফলে শ্বাসকস্ট সহ বিভিন্ন ধরণের শারিরিক সমস্যা দেখা দিতে পারে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই মাক্স পরিধান করতে হবে।

### রাসায়নিকের কারনে শরীরের ত্বক জ্বালাপোড়া

**ওভেন কাপড় ডাইং ও ওয়াশিং করার** জন্য বিভিন্ন ধরণের রাসায়নিক ক্যামিক্যাল ব্যবহার করা হয়ে থাকে। এইসব রাসায়নিক ক্যামিক্যাল ও কাপড়ের রং কখনো কখনো আমাদের শরীরের উপর প্রভাব ফেলে যার ফলে শরীরের ত্বক জ্বালাপোড়া করতে পারে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই এ্যাপ্রোন পরিধান করতে হবে।

### ত্বকের ঘর্ষণ

ওভেন কাপড় নীট কাপড়ের চেয়ে পুরু/মোটা হওয়ায় হ্যান্ডেলিং এর সময় কাপড় ও শরীরে মধ্যে ঘর্ষণের ফলে শরীরের বিভিন্ন স্থানে জ্বালাপোড়া, চুলকানি ও এলার্জি সহ নানাধরণের সমস্যা দেখা দিতে পারে। এ ধরণের প্রভার পরিলক্ষিত হলে সাথে সাথে ডাক্তারের সরনাপন্ন হতে হবে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই এ্যাপ্রোন পরিধান করতে হবে।

### চোখ নাখ ও গরায় জ্বালাপোড়া


অনেক সময় ডাস্ট ও ক্যামিক্যালের রাসায়নিক প্রভাবের কারণে হাত পা ছাড়াও চোখ নাখ ও গলায় জ্বালাপোড়া করতে পারে। এ ধরণের প্রভার পরিলক্ষিত হলে সাথে সাথে ডাক্তারের সরনাপন্ন হতে হবে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই চশমা, মাক্স ও এ্যাপ্রোন সহ প্রয়োজনীয় পিপিই পরিধান করতে হবে।

**ওভেন কাপড় হ্যান্ডেলিংয়ে স্বাস্থ্য ঝুকি এ্যাড়াতে অবশ্যই করনীয় বিষয়গুলি হলো**

PPE এর পর্ণরূপ হচ্ছে Personal Protective Equipment অর্থাৎ ব্যক্তিগত নিরাপত্তার সরাঞ্জাম। দূর্ঘটনার কবল থেকে নিজেকে রক্ষা করার জন্য যে সব সরাঞ্জাম ব্যবহার করা হয় তাকে PPE বলে। যেমন: এপ্রোন, সেফটি গগলস, হ্যান্ড গ্লাভস, সেফটি সু, ইয়ার প্লাগ ।

কারখানায় ব্যবহৃত যন্ত্র, রাসায়নিক দ্রব্য, বস্তু ও প্রক্রিয়াদি এবং সেসবের ঝুঁকির (চলমান বস্তু, ধারালো প্রান্তদেশ, ধুলি, ক্ষয়কারক পদার্থ ইত্যাদির) উপর ভিত্তি করে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। যথাযথ PPE নির্বাচন করা খুবই গুরুত্বপূণ।

**বিভিন্ন সেকশনে কর্মরত থাকাবস্থায় বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ সুরক্ষার জন্য নিম্ন লিখিত পদক্ষেপ নেয়া হয়।**

| | | |
|---|---|---|
| **হাতের সুরক্ষা** | **হাতের গ্লোভস:**<br>মেটাল গ্লোভস কাটিং মেশিনে ফেব্রিক কাটার সময় সর্বদা হাতে মেটাল গ্লোভস ব্যবহার করা হয়। মেটাল গ্লোভস ব্যবহার না করলে কাটিং মেশিনে ব্যবহৃত ব্লেড বা নাইফ দ্বারা হাতের আঙ্গুল অথবা শরীরের অন্য কোন স্থান কেটে যেতে পারে। মেটাল গ্লোভস নেট ছিড়ে গেলে অথবা ব্যবহার অনুপযোগী হয়ে গেলে তাৎক্ষনিকভাবে পরিবর্তন করে নিতে হবে। |  |
| | **নিডল গার্ড:**<br>সুইং মেশিনে নিডল গাইড আঙ্গুল তথা হাতের সুরক্সা করে। দৈনন্দিন কাজের শুরুতে নিডেল গাইড নিশ্চিত করে কাজ শুরু করতে হবে। উচু করে কাজ করা যাবে না। নিডেল গাইড এমনভাবে র্নিধারন করতে হবে যাতে এর মধ্যে দিয়ে আঙ্গুল প্রবেশ না করে। |  |
| **শ্রবণ শক্তি সুরক্ষা:** | **কানছিপি বা ইয়ারপ্লাগ:**<br>যেসকল ব্যক্তিকে দীর্ঘ সময় প্রায় ৮ ঘণ্টা ধরে কাজ করতে হয় সেক্ষেত্রে শ্রবণ শক্তি সুরক্ষার জন্যে সেখানে মালিক কর্তৃক PPE সরবরাহ করা আবশ্যক। **ইয়ার প্লাগ হচ্ছে কানের সুরক্ষা ডিভাইস যা ব্যবহারকারীকে অতিরিক্ত শব্দ থেকে নিরাপদ রাখে। ইয়ার প্লাগ শব্দের তীব্রতা হ্রাস করে এবং সম্ভাব্য ক্ষতি থেকে কানকে রক্ষা করে।** |  |
| **শ্বাস প্রশ্বাস সুরক্ষা:** | **মাস্ক:**<br>মাস্ক ব্যবহার করে ডাস্ট হতে নিজেকে রক্ষা না করলে ফুসফুসজনিত রোগের সৃষ্টি হতে পারে। কাটিং সেকশনে কাপড় কাটার ফলে সর্বাক্ষনিক ডাস্ট উড়ে থাকে। সেই ডাস্ট থেকে বাচাঁর জন্য কাটিং সেকশনের সকলের মাস্ক পরে থাকতে হবে। কাটিং সেকশনে ডাস্ক বের করে দেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক এক্সজাস্ট ফ্যান সর্বাক্ষনিকের জন্য সুইচ অন করে রাখতে হবে। সুইং সেকশনে ওভারলক মেশিন তথা সকল মেশিনের অপারেটর, হেল্পার ও মেশিনের নিকট কর্মরত সকলকে মাস্ক পরতে হবে। |  |

| | | |
|---|---|---|
| **চোখ ও মুখমন্ডল সুরক্ষা:** | **আই গার্ড:**<br>দৈনন্দিন কাজের শুরুতে মেশিনে আই গার্ড নিশ্চিত করে কাজ শুরু করতে হবে। মেশিনে আই গার্ড থাকলে চোখে আঘাত লাগবে না। উচু করে বা নিদিষ্ট জায়গা থেকে বাহিরে রেখে কাজ করা যাবে না। আই গার্ড ভেঙ্গে গেলে সুপারভাইজারের মাধ্যমে স্টোর থেকে উঠাতে হবে। |  |
| | **চশমা:**<br>স্পট রিমুভিং রুমে স্পট ম্যানরা চশমা ব্যবহার করবে। চোখে চশমা থাকলে মেশিন চলা অবস্থায় পানি মিশ্রিত কেমিক্যাল চোখে পড়ার সম্ভাবনা থেকে নিজেকে রক্ষা করা যাবে। |  |
| | **গগল্স:**<br>নিরাপত্তা চশমার মতোই এগুলি ক্ষুদ্র কণা ও উড়ন্ত বস্তু হতে চোখকে রক্ষা করে। সাধারনত গ্রাইন্ডিং মেশিন চালাবার সময় গগল্স ব্যবহার করলে চোখ সুরক্ষিত থাকবে। |  |
| **মাথার সুরক্ষা:** | **স্কার্ফ:**<br>ডাস্ট থেকে চুলকে রক্ষা করার জন্য কাটিং ও সুইং সেকশনে মেয়েদেরকে স্কার্ফ ব্যবহার করতে হবে। এছাড়া এগজস্ট ফ্যানের কাছে যে সব মেয়েরা কাজ করবে তারাও স্কার্ফ পরিধান করবে। |  |
| **পায়ের পাতা সুরক্ষা** | **রাবার ম্যাট:**<br>মেশিনের পাদানিতে রাবার ম্যাট ব্যবহার করতে হয়। এসময় রাবার ম্যাট ব্যবহার না করলে বৈদ্যুতিক শক খাওয়ার সম্বাবনা থাকে। |  |
| | **রাবারের সু:**<br>মেশিন চালানোর সময়ও আয়রন করার সময় রাবার ম্যাট ব্যবহার করতে হয়। এসময় রাবার ম্যাট ব্যবহার করার ফলে বৈদ্যুতিক শক খাওয়ার সম্বাবনা থাকে না। |  |

## ৩.২ ওভেন কাপড় হ্যান্ডেলিং পদ্ধতি

ওভেন কাপড় টানা ও পড়েন সুতার সমকোনী বন্ধনীর মাধ্যমে তৈরি করা হয় তাই হ্যান্ডেলিং নীট কাপড়ের চেয়ে সহজ তবে হ্যান্ডেলিং করার সময় যথেস্ট সতর্কতা অবলম্বন করতে হয়। একজন অপারেটর কাট প্যানেল হ্যান্ডেল করে থাকে এবং এ কাজ অবিরতভাবে করতে হয় তাই ওভেন কাট প্যানেল সঠিকভাবে হ্যান্ডেলিং করার কিছু টেকনিক নিম্মে দেওয়া হলো



- কাট প্যানেলগুলো অপ্রয়োজনীয় নাড়াচাড়া রোধ করতে হবে।
- ওভেন কাপড়ের আড়া/খাড়া দিক বুঝতে হবে।
- ওভেন কাপড়ে মাড় দেওয়া থাকে বিধায় কাপড় নড়াচাড়ার সময় কুচকে যেতে পারে। যদি কুচকে যায় তাহলে আয়রন করে নিতে হবে।
- ওভেন কাপড়ের পুরুত্ব অনুযায়ী নিডেল এবং সুইং থ্রেড নির্বাচন করতে হবে।
- ওভেন কাপড়ের সেলাই করার জন্য কাপড়ের পুরুত্ব অনুযায়ী মেশিন এ্যাডজাস্ট করে নিতে হবে।
- ওভেন কাপড় স্বাভাবিক ভাবেই সেলাই করা যায় কারণ এ কাপড় টানলে বড় হয় না।
- প্রতিটি কাপড় সেলাইয়ে কোয়ালিটি বজায় রাখতে হবে। যেমন কাপড়ে একাধিক বার সেলাই করলে কাপড়ে নিডেল মার্ক ত্রুটি হতে পারে এমনকি কাপড়ের সেলাই খুলতে গিয়ে কাপড় রিজেক্ট হওয়ার সম্ভাবনা থাকে।

## সেলফ চেক শীট (Self Check) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন

**সংক্ষিপ্ত প্রশ্ন**

১. প্রশ্ন: ওভেন কাপড় হ্যান্ডেলিং এর পূর্বে কোন কোন বিষয়গুলো মনে রাখা প্রয়োজন ?
উত্তর:

২. প্রশ্ন: কাপড়ের ধুলাবালি বা ডাস্ট মানব দেহের কি ক্ষতি করে?
উত্তর:

৩. প্রশ্ন: PPE এর পর্ণরূপ কি?
উত্তর:

৪. প্রশ্ন: ওভেন কাপড়রের কয়েকটি হ্যান্ডেলিং পদ্ধতি লিখ?
উত্তর:

৫. প্রশ্ন: কী করলে কাপড় হ্যান্ডেলিং সংক্রান্ত ক্ষতিগুলো থেকে রক্ষা পাওয়া যায় ?
উত্তর:

৬. প্রশ্ন: ওভেন কাপর নীট কাপড়ের চেয়ে--------------------?

ক) মোটা খ) চিকন
গ) পুরু ঘ) কোনটিই নয়
উত্তর:

৭. প্রশ্ন: সেলাই করার পূর্বে প্রয়োজনে কাপড়-------------------?
ক) ভালো করে শুকিয় নিতে হবে খ) ভিজিয়ে নিতে হবে
গ) আয়রন করে নিতে হবে ঘ) কোনটিই নয়
উত্তর:

৮. প্রশ্ন: ওভেন কাপড় বৈশিষ্ট্যগত ভাবেই..........?
ক) শক্ত ও অনমনীয় খ) নরম
গ) নমনীয় ঘ) কোনটিই নয়
উত্তর:

৯. প্রশ্ন: চোখের নিরাপত্তার জন্য কি ব্যবহার করা হয়
ক) চশমা খ) হেড ফোন
গ) ফিঙ্গার গার্ড ঘ) মাস্ক
উত্তর:

## উত্তরশীট (Answer Key) ৩: ওভেন কাপড়ের হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

**প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন**

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন

**সংক্ষিপ্ত প্রশ্ন**

১. প্রশ্ন: ওভেন কাপড় হ্যান্ডেলিং এর পূর্বে কোন কোন বিষয়গুলো মনে রাখা প্রয়োজন ?

**উত্তর**:

- ওভেন কাপড় বৈশিষ্ট্যগত ভাবেই শক্ত ও অনমনীয়
- ওভেন কাপড় মোটা ও শক্ত তাই ক্ষতি হবার সম্ভাবনা কম
- ফ্যাব্রিকের এ ধরন খুব বেশি প্রসারিত হয় না, এমনকি জোরে টানলেও সেটা বেশ স্থিরই থাকে
- টানা ও পড়েন সুতা সমকোণে মেশিনের সাহায্যে বন্ধনী দিয়ে ওভেন কাপড় তৈরি করা হয়।
- ওভেন কাপড়ে এক সিরিজ টানা ও অপর সিরিজ পড়েন সুতা ব্যবহার করা হয়।

২. প্রশ্ন: কাপড়ের ধুলাবালি বা ডাস্ট মানব দেহের কি ক্ষতি করে?

উত্তর: কাপড়ের ধুলাবালি বা ডাস্ট মানব দেহের ফুসফুসের মারাত্বক ক্ষতি করে।

৩. প্রশ্ন: PPE এর পর্ণরূপ কি?

**উত্তর**: পারসোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট

৪. প্রশ্ন: ওভেন কাপড়রের কয়েকটি হ্যান্ডেলিং পদ্ধতি লিখ?

**উত্তর**:

ক) কাট প্যানেলগুলো অপ্রয়োজনীয় নাড়াচাড়া রোধ করতে হবে।

খ) ওভেন কাটড়ের আরা/খারা দিক বুঝতে হবে।

গ) কাপড় কুচকে গেলে আয়রন করে নিতে হবে।

ঘ) ওভেন কাপড়ের পুরুত্ব অনুযায়ী নিডেল এবং সুইং থ্রেড নির্বাচন করতে হবে।

৫. প্রশ্ন: কী করলে কাপড় হ্যান্ডেলিং সংক্রান্ত ক্ষতিগুলো থেকে রক্ষা পাওয়া যায় ?

**উত্তর**: সঠিকভাবে পিপিই পরিধান করলে কাপড় হ্যান্ডেলিং সংক্রান্ত ক্ষতিগুলো থেকে রক্ষা পাওয়া যায়।

৬. প্রশ্ন: ওভেন কাপর নীট কাপড়ের চেয়ে--------------------?

ক) মোটা খ) চিকন

গ) পুরু ঘ) কোনটিই নয়

**উত্তর: পুরু**

৭. প্রশ্ন: সেলাই করার পূর্বে প্রয়োজনে কাপড়-------------------?

ক) ভালো করে শুকিয় নিতে হবে খ) ভিজিয়ে নিতে হবে

গ) আয়রন করে নিতে হবে ঘ) কোনটিই নয়

**উত্তর: আয়রন করে নিতে হবে।**

৮. প্রশ্ন: ওভেন কাপড় বৈশিষ্ট্যগত ভাবেই..........?

ক) শক্ত ও অনমনীয় খ) নরম

গ) নমনীয় ঘ) কোনটিই নয়

**উত্তর: শক্ত ও অনমনীয়।**

৯. প্রশ্ন: চোখের নিরাপত্তার জন্য কি ব্যবহার করা হয়

ক) চশমা খ) হেড ফোন

গ) ফিঙ্গার গার্ড ঘ) মাক্স

**উত্তর: চশমা**

## এ্যাক্টিভিটি শিট ( Acitivity  Sheet) – ৩: ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা

**Name Of the Job (কাজের নাম):**

**কাজের ধারাবাহিকতা:**

১. প্রয়োজনীয় সকল পিপিই সংগ্রহ ও পরিধান করুন।
২. জবশীটটি ভালো ভাবে পর্যবেক্ষণ করুন
৩. ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তার বিষয়গুলো ধাপে ধাপে সম্পন্ন করুন
৪. সংক্রান্ত বিষয়গুলোর উপর রিপোর্ট তৈরি করুন
৫. প্রয়োজনীয় সকল উপকরণ সংগ্রহ করূন।
৬. কাজ শেষে সকল যন্ত্রপাতি, কেমিক্যাল, উপকরন সমুহ পরিস্কার করে নির্ধারিত স্থানে রেখে দিন।
৭. কর্মস্থল পরিস্কার পরিছন্ন করে কাজ শেষ করুন।

**জব/ কাজ**

**১. কাপেড়ের ডাস্ট**

যে কোন কাপড় কাটিং করার পর প্রচুর পরিমানে ডাস্ট হয়। এই ডাস্ট মানব দেহের নাক ও মুখ দিয়ে প্রবেশ করে ফুসফুসের মারাত্বক ক্ষতি করে। ফলে শ্বাসকস্ট সহ বিভিন্ন ধরণের শারিরিক সমস্যা দেখা দিতে পারে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই মাক্স পরিধান করতে হবে।

**২. রাসায়নিকের কারনে শরীরের ত্বক জ্বালাপোড়া**

**ওভেন কাপড় ডাইং ও ওয়াশিং করার** জন্য বিভিন্ন ধরণের রাসায়নিক ক্যামিক্যাল ব্যবহার করা হয়ে থাকে। এইসব রাসায়নিক ক্যামিক্যাল ও কাপড়ের রং কখনো কখনো আমাদের শরীরের উপর প্রভাব ফেলে যার ফলে শরীরের ত্বক জ্বালাপোড়া করতে পারে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই এ্যাপ্রোন পরিধান করতে হবে।

**৩. ত্বকের ঘর্ষণ**


ওভেন কাপড় নীট কাপড়ের চেয়ে পুরু/মোটা হওয়ায় হ্যান্ডেলিং এর সময় কাপড় ও শরীরে মধ্যে ঘর্ষণের ফলে শরীরের বিভিন্ন স্থানে জ্বালাপোড়া, চুলকানি ও এলার্জি সহ নানাধরণের সমস্যা দেখা দিতে পারে। এ ধরণের প্রভার পরিলক্ষিত হলে সাথে সাথে ডাক্তারের সরনাপন্ন হতে হবে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই এ্যাপ্রোন পরিধান করতে হবে।

**৪. চোখ নাখ ও গরায় জ্বালাপোড়া**

অনেক সময় ডাস্ট ও ক্যামিক্যালের রাসায়নিক প্রভাবের কারণে হাত পা ছাড়াও চোখ নাখ ও গলায় জ্বালাপোড়া করতে পারে। এ ধরণের প্রভার পরিলক্ষিত হলে সাথে সাথে ডাক্তারের সরনাপন্ন হতে হবে। এই সমস্যার সমাধানের জন্য অবশ্যই চশমা, মাক্স ও এ্যাপ্রোন সহ প্রয়োজনীয় পিপিই পরিধান করতে হবে।

| | | |
|---|---|---|
| **হাতের সুরক্ষা** | **হাতের গ্লোভস:** মেটাল গ্লোভস কাটিং মেশিনে ফেব্রিক কাটার সময় সর্বদা হাতে মেটাল গ্লোভস ব্যবহার করা হয়। মেটাল গ্লোভস ব্যবহার না করলে কাটিং মেশিনে ব্যবহৃত ব্লেড বা নাইফ দ্বারা  হাতের আঙ্গুল অথবা শরীরের অন্য কোন স্থান কেটে যেতে পারে। মেটাল গ্লোভস নেট ছিড়ে গেলে অথবা  ব্যবহার অনুপযোগী |  |

| | | |
|---|---|---|
| | হয়ে গেলে তাৎক্ষনিকভাবে পরিবর্তন করে নিতে হবে। | |
| | **নিডল গার্ড:**<br>সুইং মেশিনে নিডল গাইড আঙ্গুল তথা হাতের সুরক্সা করে। দৈনন্দিন কাজের শুরুতে নিডেল গাইড নিশ্চিত করে কাজ শুরু করতে হবে। উচু করে কাজ করা যাবে না। নিডেল গাইড এমনভাবে র্নিধারন করতে হবে যাতে এর মধ্যে দিয়ে আঙ্গুল প্রবেশ না করে। |  |
| **শ্রবণ শক্তি সুরক্ষা** | **কানছিপি বা ইয়ারপ্লাগ:**<br>যেসকল ব্যক্তিকে দীর্ঘ সময় প্রায় ৮ ঘণ্টা ধরে কাজ করতে হয় সেক্ষেত্রে শ্রবণ শক্তি সুরক্ষার জন্যে সেখানে মালিক কর্তৃক PPE সরবরাহ করা আবশ্যক।<br>**ইয়ার প্লাগ হচ্ছে কানের সুরক্ষা ডিভাইস যা ব্যবহারকারীকে অতিরিক্ত শব্দ থেকে নিরাপদ রাখে। ইয়ার প্লাগ শব্দের তীব্রতা হ্রাস করে এবং সম্ভাব্য ক্ষতি থেকে কানকে রক্ষা করে।** |  |
| **শ্বাস প্রশ্বাস সুরক্ষা** | **মাস্ক:**<br>মাস্ক ব্যবহার করে ডাস্ট হতে নিজেকে রক্ষা না করলে ফুসফুসজনিত রোগের সৃষ্টি হতে পারে। কাটিং সেকশনে কাপড় কাটার ফলে সর্বাক্ষনিক ডাস্ট উড়ে থাকে। সেই ডাস্ট থেকে বাচাঁর জন্য কাটিং সেকশনের সকলের মাস্ক পরে থাকতে হবে।  কাটিং সেকশনে ডাস্ক বের করে দেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক এক্সজাস্ট ফ্যান সর্বাক্ষনিকের জন্য সুইচ অন করে রাখতে হবে। সুইং সেকশনে ওভারলক মেশিন তথা সকল মেশিনের অপারেটর, হেল্পার ও মেশিনের নিকট কর্মরত সকলকে মাস্ক পরতে হবে। |  |
| **চোখ ও মুখমন্ডল সুরক্ষা** | **আই গার্ড:**<br>দৈনন্দিন কাজের শুরুতে মেশিনে আই গার্ড নিশ্চিত করে কাজ শুরু করতে হবে। মেশিনে আই গার্ড থাকলে চোখে আঘাত লাগবে না। উচু করে বা নিদিষ্ট জায়গা থেকে বাহিরে রেখে কাজ করা যাবে না। আই গার্ড ভেঙ্গে গেলে সুপারভাইজারের মাধ্যমে স্টোর থেকে উঠাতে হবে। |  |
| | **চশমা:**<br>স্পট রিমুভিং রুমে স্পট ম্যানরা চশমা ব্যবহার করবে। চোখে চশমা থাকলে মেশিন চলা অবস্থায় পানি মিশ্রিত কেমিক্যাল চোখে পড়ার সম্ভাবনা থেকে নিজেকে রক্ষা করা যাবে। |  |
| | **গগল্স:**<br>নিরাপত্তা চশমার মতোই এগুলি ক্ষুদ্র কণা ও উড়ন্ত বস্তু হতে চোখকে রক্ষা করে। সাধারনত গ্রাইন্ডিং মেশিন চালাবার সময় গগল্স ব্যবহার করলে চোখ সুরক্ষিত থাকবে। |  |
| **মাথার সুরক্ষা:** | **স্কার্ফ:**<br>ডাস্ট থেকে চুলকে রক্ষা করার জন্য কাটিং ও সুইং সেকশনে মেয়েদেরকে স্কার্ফ ব্যবহার করতে হবে। এছাড়া এগজস্ট ফ্যানের কাছে যে সব মেয়েরা কাজ করবে তারাও স্কার্ফ পরিধান করবে। |  |

<table>
<tr><td rowspan="2">পায়ের পাতা সুরক্ষা</td><td>রাবার ম্যাট:<br>মেশিনের পাদানিতে রাবার ম্যাট ব্যবহার করতে হয়। এসময় রাবার ম্যাট ব্যবহার না করলে বৈদ্যুতিক শক খাওয়ার সম্বাবনা থাকে।</td><td></td></tr>
<tr><td>রাবারের সু:<br>মেশিন চালানোর সময়ও আয়রন করার সময় রাবার ম্যাট ব্যবহার করতে হয়। এসময় রাবার ম্যাট ব্যবহার করার ফলে বৈদ্যুতিক শক খাওয়ার সম্বাবনা থাকে না।</td><td></td></tr>
</table>

## স্পেসিফিকেশন শিট (Specification Sheet) – ৩: ওভেন কাপড় হ্যান্ডলিংয়ে নিরাপত্তা

### প্রয়োজনীয় পিপিই

| ক্রমিক নং | পিপিই নাম | পরিমান |
|---|---|---|
| ১ | এ্যাপ্রোন | ১টি |
| ২ | মাক্স | ১টি |
| ৩ | স্কার্ভ্ | ১ টি |
| ৪ | চশমা | ১ টি |

### প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি

| ক্রমিক নং | প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতির নাম | পরিমান |
|---|---|---|
| ১ | কলম | ১টি |
| ২ | পেন্সিল | ১টি |
| ৩ | ইরেজার | ১ টি |
| ৪ | খাতা | ১টি |

### প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস

| ক্রমিক নং | প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস | পরিমান |
|---|---|---|
| ১ | রাসায়নিক কেমিক্যাল | প্রয়োজন অনুযায়ী |
| ২ | কাপড় | প্রয়োজন অনুযায়ী |

# দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

| প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থীর নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে **"হ্যাঁ"** এবং সক্ষমতা অর্জিত না হলে **"না"** বোধক ঘরে টিকচিহ্ন দিন। | | |
|---|---|---|
| **কর্মদক্ষতা মূল্যায়নের মানদন্ড** | **হ্যাঁ** | **না** |
| ১. ওভেন কাপড় চিহ্নিত করা হয়েছে | | |
| ২. ওভেন কাপড় সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে | | |
| ৩. ওভেন কাপড়ের বৈশিষ্ট্য চিহ্নিত করা হয়েছে | | |
| ৪. ওভেন পোশাক চিহ্নিত করা হয়েছে | | |
| ৫. ওভেন পোশাক সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে | | |
| ৬. ওভেন কাপড় হ্যান্ডলিং করতে নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয়গুলো ব্যাখ্যা করা হয়েছে | | |
| ৭. ওভেন কাপড় সঠিকভাবে হ্যান্ডলিং করা হয়েছে | | |

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

# সিবিএলএম প্রণয়ন (Development of CBLM)

**‘ওভেন কাপড় এবং পোশাক ব্যাখ্যা করুন’** (অকুপেশন: ব্লক, বাটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং, লেভেল-২) শীর্ষক কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম)-টি জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সিমেক সিস্টেম, ইসিএফ কনসালটেন্সি এবং সিমেক ইনস্টিটিউট অফ টেকনোলোজি (যৌথ উদ্যোগ প্রতিষ্ঠান) এর সহায়তায় প্যাকেজ SD-9B (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) প্রকল্পের অধীনে ২০২৪ সনের জুলাই মাসে প্রণয়ন করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবী | মোবাইল নং ও ইমেইল |
|---|---|---|---|
| ০১ | তপন বিশ্বাস | লেখক | ০১৭৩৪-৯১৪৮৪৯ |
| ০২ | নারায়ন চন্দ্র খাঁ | সম্পাদক | ০১৭১৬-১৩৬৫২৬ |
| ০৩ | ইঞ্জি: মো: জুয়েল পারভেজ | কো-অর্ডিনেটর | ০১৭৩৭-২৭৮৯০৬ |
| ০৪ | সৈয়দ আজহারুল হক | রিভিউয়ার | ০১৭১১-০৪৭৮১৫ |

# Reference

১. https://www.textilebd.xyz/2022/02/what-is-poplin-fabric.html
২. https://www.textilebd.xyz/2022/06/cord-and-bedford-cord.html
৩. https://yua.sxpdtextile.com/info/what-is-taffeta-fabric-the-latest-complete-fa78583027.html
৪. https://textilelab.blogspot.com/2021/02/blog-post_0.html)
৫. https://www.textilebd.xyz/2022/02/types-of-clothes.html